উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভার কার্যবিবরণী (বিবেচ্য মাস: সেপ্টেম্বর/২০২৪)

অধিবেশন:-১৪০

সভাপতি : অরুন কৃষ্ণ পাল, প্রশাসক, উপজেলা পরিষদ, নান্দাইল।

স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ।

তারিখ : ২৩ সেপ্টেম্বর ২০২৪

সময় : বেলা-১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের হাজিরা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত।

সভার প্রারম্ভে সভাপতি সকল সদস্যগণকে শুভেচ্ছা ও সালাম জানান । বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন। বিগত সভার কার্যবিবরণীতে কোন সংযোজন ও বিয়োজন না থাকায় সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী সভার কাজ নিম্নবর্ণিতভাবে আরম্ভ করেন :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০১। **উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক উপজেলা পরিষদ সভায় জানান যে,** উপজেলা পরিষদের কার্যক্রম সুন্দর ও সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও দপ্তর প্রধানগনকে সহযোগিতা করার পরামর্শ প্রদান করেন। | সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও দপ্তর প্রধানগন উপজেলা পরিষদের সকল কার্যক্রমে সহযোগিতা করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল সদস্যগণ। |
| তিনি আরও জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (জাইকা) এর অডিট কার্যক্রম শুরু হবে। এ বিষয়ে উপজেলা প্রকৌশলী, এলজিইডিকে পরামর্শ প্রদান করেন। | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (জাইকা) এর অডিট কার্যক্রমে উপজেলা প্রকৌশলী, এলজিইডি সার্বিক সহযোগীতা করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, নান্দাইল। |
| ২। **উপজেলা কৃষি বিভাগ ঃ** উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে খরিপ-২/২০২৪-২৫ মৌসুমে অত্র উপজেলায় ২২৪১০ হেক্টর জমিতে রোপা আমন আবাদ লক্ষমাত্রা নির্ধারিন করা হয়েছিল এবং ২২৪১০ হেক্টর জমিতে রোপা আমন আবাদ হয়েছে। বর্তমানে রোপা আমন ফসল সর্বোচ্চ কুশি, পিআই এবং থোর পর্যায়ে রয়েছে। কৃষক যেন রোপা আমন ফসল সঠিক ভাবে ঘরে তুলতে পারে সে জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের প্রতিটি কর্মকর্তা কৃষকদের পাশে থেকে নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। পোকা-মাকড়, রোগ বালাইয়ের হাত থেকে ফসল রক্ষার্থে মাঠে উপসহকারী কৃষি কর্মকর্তাগণ সার্বক্ষণিক কৃষকের পাশে থেকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করে যাচ্ছেন। আবহাওয়া অনুকূলে থাকলে এ বছর বাম্পার ফলন হবে বলে আশা করা যাচ্ছে। | মাঠে উপসহকারী কৃষি কর্মকর্তাগণ সর্বদা উপস্থিত থেকে কৃষকদের পরামর্শ প্রদান কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, নান্দাইল। |
| বর্তমানে বিভিন্ন রাসায়নিক সারের মজুদ সন্তোষ জনক। অদ্য পর্যন্ত ইউরিয়া ৩৬২ মেঃটন, টিএসপি-২৮ মেঃটন, ডিএপি-৩৩ মেঃটন এবং এমওপি-৭৭ মেঃটন মজুদ রয়েছে । চলতি মৌসুমে চাহিদার তুলনায় কম সার বরাদ্দ পাওয়ায় অতিরিক্ত ইউরিয়া ও নন-ইউরিয়া সারের বরাদ্দের প্রয়োজন রয়েছে। চলতি মৌসুমে কোন প্রকার রাসায়নিক সারের সংকট যেন না হয় সে জন্য মনিটরিং কার্যক্রম জোরদার করা হয়েছে। পাশাপাশি ইউরিয়া ও নন-ইউরিয়া সারের আগমনী বার্তা সঠিক সময়ে উপজেলা কৃষি অফিসারের কার্যালয়ে জমা প্রদানের নির্দেশনা প্রদান করা হয়।<br>অত্র উপজেলায় স্কুল কৃষি চালু করা হয়েছে। ইতোমধ্যে ১৭টি স্কুলে ১২৬০ জন ছাত্র-ছাত্রীকে বসতবাড়ির আঙ্গীনায় সবজি পুষ্টি বাগান স্থাপন সম্পর্কে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ইতোমধ্যে ৩টি স্কুলে উদ্বুদ্ধকরণের মাধ্যমে উপজেলা কৃষি অফিসের সহায়তায় বাগান তৈরি করে দেয়া হয়েছে। | কোন ধরণের রাসায়নিক সারের সংকট যেন না হয় এবং দোকান মনিটরিং ব্যবস্থা জোরদার করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, নান্দাইল। |

| | | |
|---|---|---|
| শিক্ষা প্রতিষ্ঠানে কিশোর গ্যাং ও গণপিটুনির ঘটনা যেন না ঘটে সে বিষয়ে আলোচনা করেন।<br><br>শিক্ষার্থীদের জন্য নতুন কারিকুলাম প্রণয়ন হচ্ছে ও নতুন পাঠ্য পুস্তক পাওয়ার বিষয়ে আলোচনা করেন।<br><br>তিনি আরও জানান অত্র উপজেলার প্রত্যেক বিভাগীয় উন্নয়ন মূলক কাজের আলোচনা ও সিদ্ধান্ত উপজেলা পরিষদ সভাকক্ষ হতে গৃহীত হয়। এ সভাকক্ষে বিভাগীয় সভাগুলো দীর্ঘসময় যাবৎ চলমান থাকে এবং একদিনে একের অধিক সভাও অনুষ্ঠিত হয়। পার্শ্ববর্তী উপজেলাসহ দেশের প্রায় সব উপজেলার সভাকক্ষে ইন্টেরিয়র এবং এসি স্থাপন করা হয়েছে। উক্ত সভাকক্ষে এসি ও ইন্টেরিয়র স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রস্তাব উত্থাপন করেন। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | শিক্ষা প্রতিষ্ঠানে কিশোর গ্যাং ও গণপিটুনির ঘটনা যেন না ঘটে সে বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>প্রস্তাবিত বিষয়ে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, নান্দাইল।<br><br>উপজেলা প্রকৌশলী, এলজিইডি, নান্দাইল। |
| **০৮। উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে,** নান্দাইল উপজেলায় বয়স্ক, বিধবা, প্রতিবন্ধি, শিক্ষা উপবৃত্তি, অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতা, অনগ্রসর জনগোষ্ঠীর শিক্ষা উপবৃত্তি, হিজড়া জনগোষ্ঠীর বিশেষ ভাতাসহ মো ৪৪৮৮৬ জন উপকারভোগী রয়েছে। বিগত ০৬ মাস যাবত অত্র উপজেলার ১৩টি ইউনিয়ন ও ০১টি পৌরসভা হতে কোন মৃত উপকারভোগীর তথ্য পাওয়া যায় নি। মৃত উপকারভোগীর তথ্য পাওয়া যায়নি। মৃত উপকারভোগীর তথ্য প্রদানের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের সাথে কথা বলা হয়েছে। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের তথ্য মতে এখনও প্রত্যেক ইউনিয়নে অনেক মৃত ভাতাভোগী রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।<br><br>প্রতি অর্থ বছরে ৩ মাস অন্তর অন্তর ৪টি কিস্তিতে নগদের মাধ্যমে ভাতাভোগীদের টাকা প্রদান করা হয়। প্রতি কিস্তিতেই হ্যাকার কর্তৃক ভাতাভোগীদের কল দিয়ে নগদের পিন নম্বর হ্যাক করে ভাতার অর্থ হাতিয়ে নেওয়ার অভিযোগ পাওয়া যায়। এ বিষয়ে উপজেলা সমাজসেবা কার্যালয় দায়িত্বপ্রাপ্ত ইউনিয়ন সমাজকর্মীগণ ভাতাভোগীদের বার বার সচেতন করা সত্ত্বেও কিছু কিছু ভাতাভোগী হ্যাকার কর্তৃক প্রতারিত হয়ে উপজেলা সমাজসেবা কার্যালয়ে যোগাযোগ করলে উপকারভোগীদের সমস্যা সমাধান করে সচেতন করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | চলতি মাসের মধ্যে চেয়ারম্যানগণ মৃত উপকারভোগীর তথ্য উপজেলা সমাজসেবা কার্যালয়ে প্রেরণ করবে।<br>প্রাপ্ত মৃত উপকারভোগীর তথ্য উপজেলা সমাজসেবা কার্যালয়, নান্দাইল কর্তৃক সঠিকতা নিরুপণের জন্য আবার যাচাই বাছাই করা হবে।<br><br>প্রত্যেক ইউনিয়নের দায়িত্বপ্রাপ্ত সমাজকর্মীগণ ভাতাভোগীদের সচেতনের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।<br>ইউপি চেয়ারম্যান ও ইউপি সদস্যদের সাথে কথা বলে ভাতাভোগীদের সচেতন করার বিষয়ে পদক্ষেপ গ্রহণ করবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, নান্দাইল। |
| **০৯। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে,** উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। অত্র নান্দাইল উপজেলায় আগষ্ট/২০২৪ মাসে মাসিক অগ্রগতির প্রতিবেদন রিপোর্ট অনুযায়ী ৮৬,৫৩৩ জন সক্ষম দম্পতিদের মধ্যে পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ৬৬,৭৭৯ এবং হার ৭৭.১৭%। স্থায়ী ও অস্থায়ী দীর্ঘমেয়াদী পদ্ধতি গ্রহীতার সংখ্যা নিম্নে উল্লেখ করা হলো ঃ<br>১. স্থায়ী ও দীর্ঘমেয়াদী পদ্ধতি ইমপ্ল্যান্ট গ্রহীতার সংখ্যা-৩৯ জন।<br>২. অস্থায়ী ও দীর্ঘমেয়াদী পদ্ধতি কপার-টি গ্রহীতার সংখ্যা-০৫ জন।<br>পরিবার কল্যাণ সহকারীদের মাঠ কর্মসূচী অনুযায়ী বাড়ী পরিদর্শণ, পরিবার পরিকল্পনার অস্থায়ী জন্মবিরতিকরণ সামগ্রী নিয়মিতভাবে বিতরণ চলছে। পরিবার পরিকল্পনা পরিদর্শকগণ মাঠ কার্যক্রম যথারীতি তদারকি, মাসিক মিটিং সম্পন্ন করছে। ইউনিয়ন স্বাস্থ্যসেবার সকল কর্মক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নান্দাইল। |
| **১০। উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) জানান যে,** গত অর্থ | গত অর্থ বছরে যে সকল প্রকল্পের কাজ | সহকারী প্রকৌশলী |

| | | |
|---|---|---|
| বছরের নলকূপ স্থাপন প্রকল্পের কাজগুলো পরিদর্শন করা হচ্ছে। নিয়ম অনুযায়ি প্রাক্কলন মোতাবেক ঠিকাদার নলকূপ স্থাপন কাজ সমাপ্ত করার পূর্বে নলকূপের পানিতে আর্সেনিক বা অন্যকোন সমস্যা আছে কিনা সে জন্য পানি পরীক্ষা করা হয়। পানি পরীক্ষার কাজ শেষ হলে রিপোর্ট অনুযায়ী নলকূপ স্থাপনের কাজ সমাপ্ত করা হয়। | ঠিকাদার এখনো শেষ করেনাই সেসব প্রকল্পের স্থান পরিদর্শন পূর্বক দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | (জনস্বাস্থ্য), নান্দাইল। |
| **১১। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (বিআরডিবি) জানান,** সেচযন্ত্র/মেয়াদী (ডিটিডাব্লিউ ও এসটিডাব্লিউ) ও অন্যান্য ঋণ (ফসলী/শস্য, আবর্তক কৃষি, সদাবিক, বীরমুক্তিযোদ্ধা, পল্লী প্রগতি ও পল্লী উদ্যোক্ত) আদায়ের নিয়মিত কাজ (মৌখিক ও লিখিত তাগিদ) চলমান রয়েছে। খেলাপী/বকেয়া ঋণ আদায়ে ইতপূর্বে ১৬টি সার্টিফিকেট মামলা করা হয়েছিল যার ৪টি নিষ্পত্তি হয়েছে এবং ১২টি অনিষ্পন্ন অবস্থায় রয়েছে তবে প্রক্রিয়া চলমান রয়েছে। বকেয়া ঋণ সন্তোষজনকভাবে আদায় না হওয়ায় (মাসিক মোট আদায় ০.৮৫ লক্ষ টাকা) ও নতুন তহবিল বরাদ্দ না থাকায় বর্তমান মাসে ঋণ বিতরণ নেই।<br>উপজেলা পরিষদ চত্বরে নির্মিত বিআরডিবির মালিকানাধীন জোড়া বাড়ীর বর্তমান বাসা ভাড়া নিয়মিত আদায় হচ্ছে এবং বকেয়া বাসা ভাড়া আদায়ে তাগিদ অব্যাহত থাকায় বকেয়ার আংশিক আদায় হয়েছে। | নীতিমালা মোতাবেক সকল কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, নান্দাইল। |
| **১২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে,** বিডব্লিউবি খাদ্য শস্যের দুই মাসের ডিও প্রদান করা হয়েছে। উপকার ভোগীদের মাঝে খাদ্য শস্য বিতরনের পরামর্শ প্রদান করেন।<br>সেলাই প্রশিক্ষণের জন্য নতুন প্রশিক্ষণার্থী নির্বাচনের লক্ষ্যে আবেদন গ্রহণ করা হবে।<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা জানান যে, ডিও কৃত মাল খাদ্যগুদাম হতে দ্রুত উত্তোলন করার পরামর্শ প্রদান করেন। | সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে সঠিক সময়ে বিডব্লিউবি এর খাদ্যশস্যের মাল দ্রুত উপকারভোগীদের মাঝে বিতরনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>নীতিমালা মোতাবেক প্রশিক্ষণ কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ডিও কৃত খাদ্য শস্য উপজেলা খাদ্যগুদাম হতে বিধি মোতাবেক উত্তোলনের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল)।<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নান্দাইল।<br>চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল)। |
| **১৩। উপজেলা আইসিটি কর্মকর্তা** প্রত্যেক বিভাগীয় ওয়েভ পোর্টাল আপডেট করার প্রস্তাব উত্থাপন করেন। সকল অফিসের বার্ষিক কর্মপরিকল্পনা এবং সকল কাজের উপকারভোগিদের তালিকা ওয়েভ পোর্টালে হালনাগাদ করার প্রস্তাব উত্থাপন করেন। এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | প্রত্যেক বিভাগীয় ওয়েভ পোর্টাল আপডেট করাতে হবে এবং সকল অফিসের বার্ষিক কর্মপরিকল্পনা ও সকল কাজের উপকারভোগিদের তালিকা ওয়েভ পোর্টালে হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | দপ্তর প্রধান (সকল) |
| **১৪। চেয়ারম্যান ৫নং গাংগাইল ইউনিয়ন পরিষদ** জানান যে, গাংগাইল ইউনিয়নের শাইলধরা বাজারে জনস্বাস্থ্য প্রকৌশলীর কার্যালয়ের আওতায় ১টি সাবমারসেবল টিউবওয়েল স্থাপন করা হয়েছে। উক্ত টিউবওয়েল হতে ৭টি স্থানে ৭টি লাইন দেয়ার প্রস্তাবছিল। এখন পর্যন্ত ৪টি লাইন স্থাপন করা হয়েছে বাকি রয়েছে ৩টি লাইন। তরকারি মহলে-১টি, মাছ মহলে-১টি ও | গাংগাইল ইউনিয়নের শাইলধরা বাজারে জনস্বাস্থ্য প্রকৌশলীর কার্যালয়ের আওতায় প্রকল্পের কাজ সরজমিনে পরিদর্শন পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)। |

| | | |
|---|---|---|
| পেয়াজ মহলে-১টি লাইন জরুরী স্থাপন করা প্রয়োজন। উক্ত স্থানগুলো জনগুরুত্বপূর্ণ হওয়ায় ৩টি লাইন স্থাপন করে প্রকল্পের কাজ সমাপ্ত করার প্রস্তাব উত্থাপন করেন। | | |
| **১৫। চেয়ারম্যান ৬নং রাজগাতী ইউনিয়ন পরিষদ সভায় জানান যে,** বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে ৭জন নিহত ব্যক্তির পরিবারের নিকট জনপ্রতি ১০,০০০/- টাকা হারে মোট=৭০,০০০/- টাকা এবং ১৪ জন আহত ব্যক্তির বরাবর জনপ্রতি ৫০০০/- টাকা হারে মোট=৭০,০০০/- টাকা সর্বমোট=১,৪০,০০০/- টাকার ব্যয় করা হয়েছে। উক্ত ব্যয় পরিশোধের লক্ষ্যে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে অনুমতি প্রদানের প্রস্তাব উত্থাপন করেন। | বৈষম্যবিরোধী ছাত্র আন্দোনে নিহত ও আহত ব্যক্তির ও পরিবারের মাঝে বিতরনকৃত (নিহত ব্যক্তির পরিবারের নিকট জনপ্রতি ১০,০০০/- টাকা হারে এবং আহত ব্যক্তির বরাবর জনপ্রতি ৫০০০/- টাকা হারে) ১,৪০,০০০/- টাকা ব্যয়ের ভূতাপেক্ষ অনুমতি উপজেলা পরিষদ রাজস্ব তহবিল এর অপ্রত্যাশিত খাত হতে ব্যয়ের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ, নান্দাইল। |
| **১৬। চেয়ারম্যান ৮ নং সিংরইল ইউনিয়ন পরিষদ** উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলীর কার্যালয়ের আওতায় বরাদ্দকৃত নলকূপগুলি বাড়ির সামনে স্থাপন করার প্রস্তাব উত্থাপন করেন। বাড়ীর সামনে নলকূপ স্থাপন করা হলে পথচারিসহ প্রতিবেশিরাও পানি পান করতে পারবে। | বরাদ্দ তালিকা অনুযায়ী নলকূপ স্থাপন প্রকল্পের কাজ নীতিমালা মোতাবেক বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীয়। | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)। |
| **১৭। চেয়ারম্যান ১০ নং শেরপুর ইউনিয়ন পরিষদ জানান যে,** উপজেলা সমাজসেবা কার্যালয়ের আওতায় ভাতা ভোগীদের অনেকেই মৃত্যু বরণ করেছেন। মৃত ব্যক্তির পরিবার হতে তথ্য গোপন করা হয়। তথ্য গোপন করায় মৃত্যুনিবন্ধণ করতে সমস্যা সৃষ্টি হয়। | মৃত ব্যক্তিদের তালিকা তৈরী করে মৃত্যুনিবন্ধন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল)। |
| **১৮। চেয়ারম্যান ১১ নং খারুয়া ইউনিয়ন পরিষদ জানান যে,** জনস্বাস্থ্য প্রকৌশলীর কার্যালয়ের আওতায় গত অর্থ বছরের নলকূপ স্থাপনের কাজ এখনো সমাপ্ত করা হয় নি। কাজগুলি দ্রুত বাস্তবায়নের জন্য প্রস্তাব উত্থাপন করেন। | প্রস্তাবিত কাজ সরজমিনে পরিদর্শন পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)। |
| **১৯। উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ জানান যে,** উপজেলা নির্বাহী অফিসারের নতুন বাসভবন পরিদর্শনের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডিকে পরামর্শ প্রদান করেন। দরজা, জানালার গুনগত মান সঠিক রয়েছে কি না? তা জানানোর জন্য প্রস্তাব উত্থাপন করেন।<br><br>টিসিবি কার্যক্রম নীতিমালা মোতাবেক বাস্তবায়ন করতে হবে। কার্ডদ্বারি একজন ব্যক্তি ১টি কার্ডের মাল নিতে পারবে। একজনের কার্ডের মাল অন্যজনকে না দেয়ার পরামর্শ প্রদান করেন। | উপজেলা নির্বাহী অফিসারের নতুন বাসভবন প্রকল্পের কাজ পরিদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>কার্ডদ্বারি ব্যক্তি ছাড়া অন্য কোন ব্যক্তিকে টিসিবির পণ্য না দেয়ার এবং কার্ডদ্বারি একজন ব্যক্তিকে একটি কার্ডের মাল দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, নান্দাইল।<br><br>প্রশাসক, নান্দাইল পৌরসভা/ চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)। |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি ও চেয়ারম্যান উপজেলা পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ কর্তৃক উপস্থিত সম্মানিত সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৬/০৯/২৪

(অরুন কৃষ্ণ পাল)
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
নান্দাইল, ময়মনসিংহ।

স্মারকনং- ৪৬.৪৫.৬১৭২.০০০.০৬.০০১.২৪- ৬৭ তারিখ ঃ-২৩/০৯/২০২৪ খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :-

১। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।

২। জেলা প্রশাসক, ময়মনসিংহ।

৩। সিনিয়র সহকারী সচিব, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা শাখা-১/উপজেলা শাখা-২ বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৪। প্রশাসক, নান্দাইল পৌরসভা, নান্দাইল, ময়মনসিংহ।

৫। ------------------------------------------------------------নান্দাইল, ময়মনসিংহ।

৬। উপজেলা ---------------------------------------------------- কর্মকর্তা, নান্দাইল, ময়মনসিংহ।

৭। চেয়ারম্যান ----------------------------------ইউনিয়ন পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ।

৮। অফিস কপি।

২৩/০৯/২৪

(অরুন কৃষ্ণ পাল)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
নান্দাইল, ময়মনসিংহ।